ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৫০

আমবাসা, ২২ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

**"পরীক্ষা দ্বারপ্রান্তে, নেই সিলেবাস স্বাস্থ্য দপ্তরে নিয়োগে বেকারদের সঙ্গে রসিকতা,"**এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত **১৫** অক্টোবর ২০২৫ এবং **"স্বাস্থ্য দপ্তরের চাকরি কেলেঙ্কারির আশঙ্কা,"**এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত **১৮** অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিকর্তা এক স্পষ্টিকরণ দিয়ে জানিয়েছেন যে,গত **১০**অক্টোবর ২০২৫,F.2(1-300)-DHS/Estt-11/2025 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে **ল্যাবরেটরি টেকনিশিয়ান (ব্লাড), রেডিওলজি ও ইমেজিং টেকনোলজিস্ট এবং অপ্টোমেট্রিস্ট**পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণে **অ্যাডমিট কার্ড**জারী করা হয়েছে। উক্ত অ্যাডমিট কার্ড গত **১৫ অক্টোবর ২০২৫** থেকে দপ্তরের (www.healthtripura.gov.in) ওয়েবসাইট থেকে ডাউনলোড করার জন্য নোটিফিকেশন দেওয়া হয়। এছাড়াও উল্লিখিত পদসমূহের পরীক্ষায় **সিলেবাস** ইতিমধ্যে দপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

******